

# সরকারি অনুদানে চলচ্চিত্র নির্মাণ করবেন নজরুল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী

ইকবাল মাহমুদ, কন্ট্রিবিউটিং রিপোর্টার, জাতীয় কবি  
কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ২২:১৮, ২ জুলাই ২০২৫; আপডেট: ২২:১৯, ২ জুলাই ২০২৫

---



ছবি: সংগৃহীত

স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে ২০ লক্ষ টাকা সরকারি অনুদান পাচ্ছেন জাতীয় কবি কাজী  
নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগের শিক্ষার্থী শ্রী

অভীক চন্দ্র তালুকদার।

মঙ্গলবার (১ জুলাই) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়। অভীক চন্দ্র তালুকদারের প্রযোজনায় নির্মিতব্য ‘হু হ্যাজ মেইড আস ফ্লাই?’ চলচ্চিত্রটির চিত্রনাট্য ও পরিচালনার দায়িত্বে রয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগের শিক্ষার্থী শাহ্ সাকিব সোবহান।

চলচ্চিত্রটি সম্পর্কে অভীক চন্দ্র তালুকদার বলেন, “৫ আগস্ট গণ-অভ্যুত্থানের অভ্যন্তরীণ বিভিন্ন ঘটনাকে কেন্দ্র করে চলচ্চিত্রটির প্লট নির্মিত হয়েছে। মূলত কাল্পনিক স্যাটায়াধর্মী এক গল্পের ওপর ১৫ মিনিট দৈর্ঘ্যের চলচ্চিত্রটি নির্মাণ করা হবে। অভ্যুত্থান পরবর্তী সময় থেকে চিত্রনাট্য তৈরির কাজ শুরু হয় এবং এবছর জানুয়ারি থেকে আমরা অনুদানের প্রস্তাবনা তৈরির কাজ শুরু করি। এখনো স্ক্রিপ্ট ডেভেলপমেন্ট পর্যায়ের কিছু কাজ রয়েছে। সেটি সম্পন্ন হয়ে গেলে শুটিংয়ের কাজ শুরু হবে।”

নজরুল বিশ্ববিদ্যালয়ের ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগে স্নাতকোত্তরে অধ্যয়নরত অভীক ইতোমধ্যে কাজ করেছেন অভিনয়, পরিচালনা ও প্রযোজক হিসেবে। তাঁর পরিচালিত একাধিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র দীপ্ত টিভি ও ওটিটি প্ল্যাটফর্ম বায়োস্কোপে প্রচারিত হয়েছে। পাশাপাশি বাংলা একাডেমি ও নজরুল বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্রে চলচ্চিত্র গবেষণায়ও যুক্ত রয়েছেন তিনি।

প্রসঙ্গত, ২০২৪-২৫ অর্থবছরে ৩২টি চলচ্চিত্র নির্মাণে ৯ কোটি টাকা অনুদান দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। এর মধ্যে ২০টি স্বল্পদৈর্ঘ্য এবং ১২টি

পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অন্তর্ভুক্ত।

---